**০৭/১১/২০২২ খ্রিঃ তারিখে মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে ড্রেজার পরিদপ্তর ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের পরিচালন বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত সভার কার্যপত্র**

**সভাপতিঃ** জনাব ফজলুর রশিদ, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

**সভা তারিখঃ** ০৭ নভেম্বর, ২০২২।

**সভার সময়ঃ** সকাল ৯.০০ ঘটিকা।

**স্থানঃ** মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের দপ্তর কক্ষ, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

**১। উপস্থাপনা ও আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম সংশ্লিষ্ট কাজের পরিচালন বাজেট ব্যবস্থাপনার সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য প্রধান প্রকৌশলী (পুর) পওর, বাপাউবো, ঢাকাকে আহ্বান জানান। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ

**১.১।** প্রধান প্রকৌশলী (পুর) পওর, বাপাউবো, ঢাকা জানান যে, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর এর কাজসমূহ বিশেষায়িত প্রকৃতির। তিনি উক্ত কাজসমূহ বাস্তবায়নে দক্ষ ও অভিজ্ঞ যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর এর কর্মকর্তাগণের সরাসরি তত্ত্বাবধানে বিস্তারিত কার্যবিভাজন প্রণয়ন, অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বাজেট ব্যবস্থাপনা সম্পর্কিত যাবতীয় কার্যক্রম পরিচালিত হওয়া প্রয়োজন উল্লেখ করে মত প্রকাশ করেন।

**১.২।** যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর এর সাথে সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ ব্যবস্থাপনা বর্তমানে বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) উপখাত হতে সংস্থান করা হলেও তা উক্ত কোডের সাথে সরাসরি সামঞ্জস্যপূর্ণ নয়। আলোচনায় জানানো হয় যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থ কোড তালিকা হতে উক্ত কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ কোড ব্যবহার করা আবশ্যক।

**১.৩।** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বলেন যে, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজসমূহের সাথে সংগতিপূর্ণ অর্থনৈতিক কোড নির্ধারণপূর্বক উক্ত কোডের সাথে সংশ্লিষ্ট কাজের সামঞ্জস্যতা ও যৌক্তিকতা তুলে ধরতে হবে এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবে পরবর্তী ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট সংক্রান্ত কার্যক্রম অর্থ মন্ত্রণালয় কর্তৃক শীঘ্রই গ্রহণ করা হবে বিধায় ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম সংশ্লিষ্ট কাজের বরাদ্দ ব্যবস্থাপনার জন্য সামঞ্জস্যপূর্ণ কোডে প্রাথমিক সিলিং নির্ধারণ এর বিষয়টি নিশ্চিতকরণ এবং পরবর্তী বছরের বাজেটে কাজসমূহ বরাদ্দভুক্তকরণের নিমিত্ত এখন থেকেই বাপাউবোর ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম দপ্তর কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা বাঞ্ছনীয়।

**১.৪।** এ পর্যায়ে সভার সভাপতি, মহাপরিচালক, বাপাউবো, মহোদয় বলেন যে, ড্রেজার পরিদপ্তর ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কাজসমূহ বাঁধ (মেরামত ও সংরক্ষণ) উপখাতের সাথে সরাসরি সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় আর্থিক শৃংখলা ও বিধিবিধান রক্ষার্থে আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর এর সাথে সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ বাঁধ (মেরামত ও সংরক্ষণ) উপখাত হতে সংস্থান করা হবে না মর্মে সভাকে অবহিত করেন।

**১.৫।** প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে আলোচনায় জানানো হয় যে, পরবর্তী ২০২৩-২৪ অর্থ বছর হতে সংশ্লিষ্ট কাজসমূহ বাস্তবায়নে জন্য অর্থ চাহিদার যৌক্তিকতা অনুযায়ী অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিক সিলিং (বরাদ্দ) নির্ধারণ করা হবে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দ প্রাপ্তির পর মহাপরিচালক বাপাউবো, ঢাকা মহোদয় ও অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা মহোদয় এর সাথে প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ এবং প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা আলোচনাক্রমে বাপাউবো'র ড্রেজার পরিদপ্তর এর বরাদ্দ নির্ধারণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। তারই ধারাবাহিকতায় সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়গণ তাদের দপ্তরসমূহের প্রস্তাবিত বিস্তারিত কার্যবিভাজন প্রণয়ন, বোর্ডের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণের অনুমোদন গ্রহণ করবেন।

**১.৬।** পরবর্তীতে বোর্ড কর্তৃক অনুমোদিত ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের বিস্তারিত কার্যবিভাজন পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা জানান যে, অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে ড্রেজার পরিদপ্তর ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের ২টি কার্যবিভাজন পুস্তিকা, পওর পরিদপ্তর কর্তৃক ব্যবস্থাপনাকৃত ৬টি কোডের বাজেট পুস্তিকার সাথে একযোগে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

**১.৭।** এ পর্যায়ে আলোচনায় জানানো হয় যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের বাজেট ওয়ার্কিং গ্রুপ (বিডব্লিউজি) ও বাজেট ম্যানেজমেন্ট কমিটি (বিএমসি) সভা সমূহে ড্রেজার ও যান্ত্রিক প্রকৌশল সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন ও অভিজ্ঞ কর্মকর্তাগণ উপস্থিত থাকতে হবে। অধিকন্তু, ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম সংশ্লিষ্ট কাজের পরিচালন বাজেট অর্থ মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তভাবে পর্যবেক্ষণপূর্বক অনুমোদন প্রদানের সামগ্রিক বিষয়টি ড্রেজার পরিদপ্তর ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কর্মকর্তাগণ তত্ত্বাবধায়ন করবেন। সভায় আরও জানানো হয় যে, ড্রেজার পরিদপ্তর ও যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের প্রধান প্রকৌশলীগণ অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বরাদ্দ অনুযায়ী অর্থ অবমুক্তির পর মাঠ পর্যায়ে অর্থ বিলির সুপারিশের কার্যক্রম গ্রহণ করবেন।

**১.৮।** পরবর্তীতে অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) উল্লেখ করেন যে, তাঁর দপ্তর স্মারক নং- ৭২ ও স্মারক নং- ৭৩, তারিখঃ ৩০-১০-২০২২ খ্রিঃ (কপি সংযুক্ত) মোতাবেক জারিকৃত দুইটি পত্রের অনুবৃত্তিক্রমে বর্ণিত দপ্তরসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমের মাসিক অগ্রগতি প্রতিবেদনসহ প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে তাঁর সাথে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীগণ এ বিষয়ে আলোচনা করবেন এবং আলোচনার কার্যবিবরণী নিয়মিতভাবে সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করতে হবে।

২। **সিদ্ধান্তসমূহঃ**

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

**২.১।** আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে আর্থিক শৃংখলা ও বিধিবিধান রক্ষার্থে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর এর সাথে সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) উপখাত হতে সংস্থান করা হবে না।

**২.২।** পরবর্তী ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট সংক্রান্ত কার্যক্রম অর্থ মন্ত্রণালয় কর্তৃক শীঘ্রই গ্রহণ করা হবে বিধায় ড্রেজার ও যান্ত্রিক সরঞ্জাম সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ ব্যবস্থাপনার জন্য সামঞ্জস্যপূর্ণ কোডে প্রাথমিক সিলিং নির্ধারণ এর বিষয়টি নিশ্চিতকরণ এবং পরবর্তী বছরের বাজেটে কাজসমূহ বরাদ্দভুক্তকরণের নিমিত্ত এখন থেকেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/11/2022

ফজলুর রশিদ
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নং-৩১২-অর্থ/বাপাউবো/২০২২ তাং-০১/৪২/২০২২

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৫। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।

৬। প্রধান প্রকৌশলী (পুর), পওর, বাপাউবো, ঢাকা।

৭। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

৮। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।

৯। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার, বাপাউবো, খুলনা।

১০। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

১১। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

অতিরিক্ত মহাপরিচালক
(ইস্টার্ন রিজিয়ন) এর দপ্তর
পানি ভবন (৬ষ্ঠ তলা),
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৫০
ফ্যাক্সঃ +৮৮০-২-৯৫৬২২৮৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

Office of the
Addi. Director General
(Eastern Region)
Pani Bhaban (Level-5), 72
Green Road.
Dhaka- 1205
E-mail: adg.om1@gmail.com

স্মারক নং- পাউবো/অমপ/ইস্টার্ন রিজিয়ন/৭২ তারিখঃ ৩০/১০/২০২২ খ্রিঃ।

**বিষয়ঃ- ২০২৩-২৪ অর্থ বছর হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ড্রেজার পরিদপ্তর এর পরিচালন বাজেট, সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক ব্যবস্থাপনাকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ড্রেজার পরিদপ্তর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। বাংলাদেশের ভূ-প্রাকৃতিক অবস্থান বিবেচনায় পানি সম্পদ ব্যবস্থাপনায় ড্রেজিং কাজের গুরুত্ব অপরিসীম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত শতবর্ষী 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' এর পানি সম্পদ ব্যবস্থাপনায় ড্রেজিং কাজকে সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে।

২। ড্রেজিং এবং ড্রেজার সংশ্লিষ্ট কাজসমূহ বিশেষায়িত প্রকৃতির । ড্রেজার পরিদপ্তরের কর্মকর্তাগণ এই বিশেষায়িত কাজ বাস্তবায়নে দক্ষ ও অভিজ্ঞ। সুতরাং ড্রেজিং কাজের গুরুত্ব বিবেচনায় ড্রেজিং এবং ড্রেজার সংশ্লিষ্ট কাজের বিস্তারিত কার্যবিভাজন প্রণয়ন, অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন সহ সমস্ত বাজেট ব্যবস্থাপনা ড্রেজার পরিদপ্তরের বিশেষায়িত জ্ঞান সম্পন্ন কর্মকর্তাগণের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হওয়া আবশ্যক।

৩। উল্লেখ্য, প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো এর অধীনস্থ দপ্তরসমূহের আওতায় বাস্তবায়িত সমস্ত কাজসমূহের জন্য বরাদ্দ ব্যবস্থাপনা (কার্য বিভাজন প্রণয়ন, অর্থ ছাড়ের সুপারিশ ইত্যাদি) প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো এর তত্ত্বাবধানে সম্পন্ন হয়ে থাকে।

৪। ড্রেজার পরিদপ্তরের ড্রেজিং কার্যক্রম আরও সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের জন্য অনুচ্ছেদ-০৩ এ প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক বরাদ্দ ব্যবস্থাপনার অনুরূপে ড্রেজার পরিদপ্তরের সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক ড্রেজার পরিদপ্তরের পরিচালন বাজেটের সার্বিক বরাদ্দ ব্যবস্থাপনা করা যেতে পারে।

৫। ড্রেজিং এবং ড্রেজার সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ ব্যবস্থাপনা বর্তমানে বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) উপখাত হতে সংস্থান করা হলেও তা উক্ত কোডের সাথে সরাসরি সামঞ্জস্যপূর্ণ নয়। বিধায় আর্থিক শৃংখলা রক্ষার্থে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থ কোডের তালিকা হতে ড্রেজিং কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ কোড ব্যবহার করতে হবে।

৬। সে লক্ষ্যে পরবর্তী ২০২৩-২৪ অর্থ বছর হতে ড্রেজার পরিদপ্তরের সার্বিক বরাদ্দ ব্যবস্থাপনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সাথে **এখন থেকেই যোগাযোগপূর্বক** প্রযোজ্য অর্থনৈতিক কোড উন্মুক্তকরণ অথবা প্রয়োজনে নতুন অর্থনৈতিক কোড সৃজনপূর্বক প্রাথমিক সিলিং (বরাদ্দ) নির্ধারণের নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৭। উল্লেখ্য, আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে ড্রেজার পরিদপ্তর কর্তৃক গৃহীতব্য নতুন কোন কাজের অনুকূলে পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড- ৩২৫৮১৩৭) উপখাত হতে বরাদ্দ প্রদান করা সম্ভবপর হবে না।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৮। এমতাবস্থায়, অনুচ্ছেদ-০৬ ও ০৭ আলোকপাতপূর্বক আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে বাপাউবোর ড্রেজার পরিদপ্তরের যাবতীয় বরাদ্দ ব্যবস্থাপনার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থ কোডের তালিকা হতে পূর্বে বিদ্যমান কোড উন্মুক্তকরণ/ নতুন কোড সৃজন এর বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে ড্রেজার পরিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নিয়মিতভাবে উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০/১০/২২

(মোঃ মাহবুর রহমান)
আইডি নং- ৬৪০১২৬০০২
অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো/অমপ/ইস্টার্ণ রিজিয়ন/ ৭২

তারিখঃ ৩০/১০/২০২২ খ্রিঃ।

**অনুলিপি (কার্যার্থে) ঃ-**

১. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ ।
২. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো,খুলনা।

**অনুলিপি (জ্ঞাতার্থে)ঃ-**

১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (পুর), পওর, বাপাউবো, ঢাকা।
৩. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

অতিরিক্ত মহাপরিচালক
(ইস্টার্ন রিজিয়ন) এর দপ্তর
পানি ভবন (৬ষ্ঠ তলা),
৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৫০
ফ্যাক্সঃ +৮৮০-২-৯৫৬২২৮৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

Office of the
Addi. Director General
(Eastern Region)
Pani Bhaban (Level-5), 72
Green Road.
Dhaka- 1205
E-mail: adg.om1@gmail.com

স্মারক নং- পাউবো/অমপ/ইস্টার্ণ রিজিয়ন/৭২ তারিখঃ৩০/১০/২০২২ খ্রিঃ।

**বিষয়ঃ- ২০২৩-২৪ অর্থ বছর হতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর এর পরিচালন বাজেট, সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক ব্যবস্থাপনাকরণ প্রসংগে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। এই পরিদপ্তরের অধীনে বাপাউবো'র পাম্প হাউস, স্লুইসসহ রেগুলেটরসমূহের গেইট, হোয়েস্ট ইত্যাদির পরিচালন ও মেরামত কাজ বাস্তবায়ন করা হয়ে থাকে। পাম্প হাউসসমুহ সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে সেচ ও নিষ্কাশন সুবিধা প্রদানসহ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরনে বাপাউবো'র যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

২। যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কাজসমূহ বিশেষায়িত প্রকৃতির। যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কর্মকর্তাগণ এই বিশেষায়িত কাজ বাস্তবায়নে দক্ষ ও অভিজ্ঞ। সুতরাং কাজের গুরুত্ব বিবেচনায় যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের সংশ্লিষ্ট কাজের বিস্তারিত কার্যবিভাজন প্রণয়ন, অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন সহ সমস্ত বাজেট ব্যবস্থাপনা যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের বিশেষায়িত জ্ঞান সম্পন্ন কর্মকর্তাগণের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হওয়া আবশ্যক।

৩। উল্লেখ্য, প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো এর অধীনস্থ দপ্তরসমূহের আওতায় বাস্তবায়িত সমস্ত কাজসমূহের জন্য বরাদ্দ ব্যবস্থাপনা (কার্য বিভাজন প্রণয়ন, অর্থ ছাড়ের সুপারিশ ইত্যাদি) প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো এর তত্ত্বাবধানে সম্পন্ন হয়ে থাকে।

৪। যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কার্যক্রম আরও সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের জন্য অনুচ্ছেদ-০৩ এ প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক বরাদ্দ ব্যবস্থাপনার অনুরূপে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের পরিচালন বাজেটের সার্বিক বরাদ্দ ব্যবস্থাপনা করা যেতে পারে।

৫। যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের সংশ্লিষ্ট কাজসমূহের বরাদ্দ ব্যবস্থাপনা বর্তমানে বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) উপখাত হতে সংস্থান করা হলেও তা উক্ত কোডের সাথে সরাসরি সামঞ্জস্যপূর্ণ নয়। বিধায় আর্থিক শৃংখলা রক্ষার্থে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থ কোডের তালিকা হতে উক্ত কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ কোড ব্যবহার করতে হবে।

৬। সে লক্ষ্যে পরবর্তী ২০২৩-২৪ অর্থ বছর হতে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের সার্বিক বরাদ্দ ব্যবস্থাপনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সাথে **এখন থেকেই যোগাযোগপূর্বক** প্রযোজ্য অর্থনৈতিক কোড উন্মুক্তকরণ অথবা প্রয়োজনে নতুন অর্থনৈতিক কোড সৃজনপূর্বক প্রাথমিক সিলিং (বরাদ্দ) নির্ধারণের নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৭। উল্লেখ্য, আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর কর্তৃক গৃহীতব্য নতুন কোন কাজের অনুকূলে পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থনৈতিক কোড-৩২৫৮১৩৭) উপখাত হতে বরাদ্দ প্রদান করা সম্ভবপর হবে না।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৮। এমতাবস্থায়, অনুচ্ছেদ-০৬ ও ০৭ আলোকপাতপূর্বক আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে বাপাউবোর যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের যাবতীয় বরাদ্দ ব্যবস্থাপনার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থ কোডের তালিকা হতে পূর্বে বিদ্যমান কোড উন্মুক্তকরণ/ নতুন কোড সৃজন এর বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নিয়মিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০/১০/২০২২

(মোঃ মাহবুর রহমান)
আইডি নং- ৬৪০১২৬০০২
অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো/অমপ/ইস্টার্ণ রিজিয়ন/ ৭৬ — তারিখঃ ৩০/১০/২০২২ খ্রিঃ।

**অনুলিপি (কার্যার্থে) ঃ-**

১. প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে)ঃ-**

১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (পুর), পওর, বাপাউবো, ঢাকা।
৩. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।